চুয়াডাঙ্গা সদরের বিভিন্ন স্থানে অ্যাড. রাসেলের নির্বচনী গণসংযোগ

চুয়াডাঙ্গা-১ আসনের দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল শনিবার দিনব্যাপী চুয়াডাঙ্গা পৌর এলাকায় ও চুয়াডাঙ্গা সদর উপজেলার মোমিনপুর ইউনিয়নের কবিখালি, কাথুলী, মাছের দাঁড়ি ও আশপাশের গ্রামে নির্বাচনী গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

গণসংযোগের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনে ১০ দলীয় ঐক্য মনোনীত সংসদ সদস্য প্রার্থী অ্যাড. মাসুদ পারভেজ রাসেল।

গণসংযোগকালে অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল সাধারণ ভোটারদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন এবং এলাকার বিভিন্ন সমস্যা, সম্ভাবনা ও উন্নয়ন ভাবনা নিয়ে কথা বলেন।

তিনি বলেন, “জনগণের ভোট ও ভালোবাসাই আমার শক্তি। নির্বাচিত হলে চুয়াডাঙ্গা-১ আসনকে একটি দুর্নীতি মুক্ত, উন্নত ও জনবান্ধব আসনে পরিণত করতে সর্বোচ্চ চেষ্টা করবো।”

তিনি আরও বলেন, শিক্ষা, স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান সৃষ্টি, কৃষকের ন্যায্য অধিকার নিশ্চিতকরণ এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন তাঁর অগ্রাধিকার থাকবে। জনগণের অধিকার রক্ষায় আপসহীন ভূমিকা পালনের অঙ্গীকারও করেন তিনি।

আরও উপস্থিত ছিলেন— ‎জামায়াতে ইসলামী সাবেক জেলা আমীর আনারুল হক মালিক, চুয়াডাঙ্গা সদর উপজেলা আমীর মোঃ বেলাল হুসাইন, সেক্রেটারী গোলাম রসুল, মোমিনপুর ইউনিয়ন আমীর মোঃ বজলুর রহমান পিন্টু, সেক্রেটারি, ইসলামী ছাত্রশিবিরের জেলা অর্থ সম্পাদক মোঃ বায়েজিদ বোস্তামীসহ আরও অনেকে।